




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ভোলা।



স্মারকনং- ৫৮.০৩.১০০৯.০০০.১৮.০১৮.১৯-৪৬৪

তারিখ-০৯.০৬.২২ খ্রিঃ।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সভার কার্যবিবরণী

অদ্য ০৯.০৬.২২ খ্রিঃ তারিখ উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ভোলা কর্তৃক ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অর্জনের লক্ষ্যে মাসিক সভার আহ্বান করা হলে উপ-সহকারী পরিচালক, ভোলার উপস্থিতিতে অত্র কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডিএডি দপ্তর ও বিভিন্ন ফায়ার স্টেশনের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত থাকেন। উক্ত সভায় ডিএডি, ভোলা ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অর্জনের লক্ষ্যে শপিংমল, হাটবাজার ও বিপনীবিতান, শিক্ষা প্রতিষ্ঠান, বহুতল/বাণিজ্যিক ভবন, বস্তি এলাকায় এবং হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রে কিভাবে মহড়া পরিচালিত করে জনগনের মাঝে সচেতন বৃদ্ধি করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অর্জন সম্পন্ন করতে হবে তার একটি দিক নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত সকলেই ডিএডি ভোলার পরামর্শ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অর্জনে সার্বিক সহযোগীতা প্রদান করবেন বলে ডিএডি ভোলাকে আশ্বস্ত করেন।

সবশেষে উপ সহকারী পরিচালক, ভোলা আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার সমাপ্তি করেন।

সংযুক্তঃ

উপস্থিত সদস্যদের হাজিরা-০১ (এক) প্রস্তুত।

০৯.০৬.২২

মোহাম্মদ আব্দুর রাজ্জাক
উপ-সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ভোলা।